## মূল বইয়ের অতিরিক্ত অংশ

# দ্বিতীয় অধ্যায়: লেনদেন

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** ২০১৯ সালের মে মাসে জনাব হাসানের ব্যবসায় প্রতিষ্ঠানে নিম্নোক্ত ঘটনাগুলো ঘটে।

মে ১ নগদ ৩০,০০০ টাকা, ব্যাংকে জমা ১০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন।
" ৭ জনাব হাসানের ব্যক্তিগত মোটর গাড়ি চুরি হলো ৮০,০০০ টাকা।
" ১৩ আসবাবপত্র ক্রয় ৮,০০০ টাকা।
" ১৭ বেতন প্রদান ১৫,০০০ টাকা।
" ২১ মাসিক ৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ।
" ২৪ কলির নিকট বিক্রয় ১,২০০ টাকা।
" ২৮ ধারে ক্রয় ১০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের মধ্যে যেগুলো লেনদেন নয় তার পরিমাণ কত? ২
খ. লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ লেখ। ৪
গ. লেনদেন দ্বারা প্রমাণ করো A = L + E। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** যেগুলো লেনদেন নয় তার পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| মে-৭ | ব্যক্তিগত মোটরগাড়ি চুরি হয়ে গেল | ৮০,০০০ | |
| " ২১ | মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ | ৮,০০০ | |
| | **লেনদেন নয় তার পরিমাণ** | | ৮৮,০০০ |

**উত্তর :** লেনদেন নয় তার পরিমাণ ৮৮,০০০ টাকা।

**খ** জনাব হাসানের লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা করা হলো:

| তারিখ | লেনদেন কিনা | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০১৯ মে ১ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A ও E উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| " ১৩ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A উপাদান হ্রাস-বৃদ্ধি পেয়েছে। |
| " ১৭ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A ও E উভয় উপাদান হ্রাস পেয়েছে। |
| " ২৪ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A ও E উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| " ২৮ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে L উপাদান বৃদ্ধি ও E উপাদান হ্রাস পেয়েছে। |

**গ** **জনাব হাসান**

২০১৯ সালের মে মাসের লেনদেনগুলোর প্রভাব হিসাব সমীকরণে নিম্নরূপ:

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ | | | | = | দায় | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | আসবাবপত্র | দেনাদার | | পাওনাদার | | | |
| ২০১৯ মে-১ | | ৩০,০০০ | ১০,০০০ | | | = | | + | ৪০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ৩০,০০০ | ১০,০০০ | | | = | | + | ৪০,০০০ | |
| " ১৩ | | (৮,০০০) | | ৮,০০০ | | = | | | | |
| | উদ্বৃত্ত | ২২,০০০ | ১০,০০০ | ৮,০০০ | | = | | + | ৪০,০০০ | |
| " ১৭ | | (১৫,০০০) | | | | = | | | (১৫,০০০) | বেতন খরচ |
| | উদ্বৃত্ত | ৭,০০০ | ১০,০০০ | ৮,০০০ | | = | | + | ২৫,০০০ | |
| " ২৪ | | | | | ১,২০০ | = | | | ১,২০০ | বিক্রয় |
| | উদ্বৃত্ত | ৭,০০০ | ১০,০০০ | ৮,০০০ | ১,২০০ | = | | + | ২৬,২০০ | |
| " ২৮ | | | | | | = | ১০,০০০ | | (১০,০০০) | ক্রয় |
| | উদ্বৃত্ত | ৭,০০০ | ১০,০০০ | ৮,০০০ | ১,২০০ | = | ১০,০০০ | + | ১৬,২০০ | |
| | | ২৬,২০০ | | | | = | ২৬,২০০ | | | |

∴ A = L + E (প্রমাণিত)।

**প্রশ্ন ▶২** মি. দিপ্ত-এর ব্যবসায়ের ২০১৯ সালের জুন মাসের কয়েকটি ঘটনা নিম্নরূপ:

জুন ১ ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ৫ ব্যক্তিগত তহবিল থেকে বাজার খরচ ৪,০০০ টাকা।
" ৭ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ১২ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৮ প্রচারের জন্য সাইনবোর্ড লাগাতে খরচ ১,০০০ টাকা।
" ২০ জনতা ব্যাংকে ৫,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলা হলো।
" ২৫ ৭,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ করা হলো।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করা। ২
খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪
গ. ঘটনাগুলোকে বিবরণী ছকে হিসাবে সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুন-৫ | ব্যক্তিগত তহবিল থেকে বাজার খরচ | ৪,০০০ | |
| " ১৫ | ম্যানেজার নিয়োগ | ৭,০০০ | |
| | **মোট** | | ১১,০০০ |

**উত্তর :** লেনদেন নয় ১১,০০০ টাকা।

**খ** মি. দিপ্ত-এর লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা করা হলো:

| তারিখ | লেনদেন কিনা | সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০১৯ জুন-১ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A ও E উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| " ৭ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে L উপাদান বৃদ্ধি ও E উপাদান হ্রাস পেয়েছে। |
| " ১২ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A ও E উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| " ১৮ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A ও E উভয় উপাদান হ্রাস পেয়েছে। |
| " ২০ | লেনদেন | এখানে, A = L + E হিসাব সমীকরণে A উপাদান হ্রাস-বৃদ্ধি পেয়েছে। |

**গ** **মি. দিপ্ত**

২০১৯ সালের জুন মাসের লেনদেনগুলোর প্রভাব হিসাব সমীকরণে ছকে দেখানো হলো:

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ | | = | দায় | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | = | পাওনাদার | | | |
| ২০১৯ জুন-১ | | ৪০,০০০ | | = | | + | ৪০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ৪০,০০০ | | = | | + | ৪০,০০০ | |
| " ৭ | | | | = | ১০,০০০ | | (১০,০০০) | ক্রয় |
| | উদ্বৃত্ত | ৪০,০০০ | | = | ১০,০০০ | + | ৩০,০০০ | |
| " ১২ | | ২৫,০০০ | | = | | | ২৫,০০০ | বিক্রয় |
| | উদ্বৃত্ত | ৬৫,০০০ | | = | ১০,০০০ | + | ৫৫,০০০ | |
| ১৮ | | (১,০০০) | | = | | | (১,০০০) | বিজ্ঞাপন খরচ |
| | উদ্বৃত্ত | ৬৪,০০০ | | = | ১০,০০০ | + | ৫৪,০০০ | |
| ২০ | | (৫,০০০) | ৫,০০০ | = | | | | |
| | উদ্বৃত্ত | ৫৯,০০০ | ৫,০০০ | = | ১০,০০০ | + | ৫৪,০০০ | |
| | | ৬৪,০০০ | | | ৬৪,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ৬৪,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩** মি. ফারুক একজন ডাক্তার। তিনি জানুয়ারি ১, ২০১৯ তারিখে স্কয়ার ক্লিনিক খোলার মাধ্যমে রোগীদের সেবা প্রদান করা শুরু করেন। জানুয়ারি মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

জানুয়ারি ১ মি. ফারুক ৫,০০,০০০ টাকা মূলধন বাবদ আনয়ন করে।
" ৯ ল্যাবরেটরি যন্ত্র ক্রয়ের জন্য ফরমায়েশ প্রদান ৮০,০০০ টাকা।
" ১১ মেয়ের ব্যবহৃত কম্পিউটার অফিসের কাজে নিয়োজিত করেন যার মূল্য ৩৫,০০০ টাকা।

”　১৫　ঔষধ ক্রয় করা হলো ২০,০০০ টাকা।
”　২০　ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয় করা হলো ৮০,০০০ টাকা।
”　২৮　রোগীদের সেবা প্রদান করে ২০,০০০ টাকা পাওয়া গেল।

ক. মি. ফারুকের মোট মূলধনের পরিমাণ কত? ২
খ. ৯ ও ২০ তারিখের ঘটনা থেকে কোনটি লেনদেন ও কোনটি লেনদেন নয় তা কারণসহ ব্যাখ্যা করো। ৪
গ. জানুয়ারি ২৮ তারিখের লেনদেনের জন্যে একটি উপযুক্ত ভাউচার তৈরি করো। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** মি. ফারুকের মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-১ | প্রারম্ভিক মূলধন | ৫,০০,০০০ | |
| ” ৯ | অতিরিক্ত মূলধন | ৩৫,০০০ | |
| | **মূলধনের পরিমাণ** | | ৫,৩৫,০০০ |

**উত্তর :** মূলধনের পরিমাণ ৫,৩৫,০০০ টাকা।

**খ** ৯ ও ২০ তারিখের ঘটনা থেকে কোনটি লেনদেন ও কোনটি লেনদেন নয় তা কারণসহ ব্যাখ্যা :

| তারিখ | লেনদেন কিনা | কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| ২০১৯ | | |
| জানু.-৯ | লেনদেন নয় | ল্যাবরেটরির যন্ত্র ক্রয়ের জন্য ফরমায়েশ করা হয়েছে। এতে করে আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয়নি। তাই এটি লেনদেন নয়। |
| ” ২০ | লেনদেন | ল্যাবরেটরির যন্ত্র ক্রয় করার ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে। তাই এটি একটি লেনদেন। |

**গ** ২৮ তারিখের লেনদেনের উপযুক্ত ভাউচার নিম্নরূপ :

**স্কয়ার ক্লিনিক**

ক্রেডিট ভাউচার নম্বর :　　　　তারিখ : ২৮ জানুয়ারি, ২০১৯
হিসাব খাতের নাম : সেবা আয়　　　　গ্রহণকারীর নাম : ..........
ঠিকানা : .............

| ক্রমিক নং | আয়ের বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | রোগীদের সেবা প্রদান করা হলো | ২০,০০০ |
| | | ২০,০০০ |

টাকা (কথায়): বিশ হাজার মাত্র।

ক্যাশিয়ারের স্বাক্ষর　　হিসাবরক্ষকের স্বাক্ষর　　ব্যবস্থাপকের স্বাক্ষর　　গ্রহীতার স্বাক্ষর

**উত্তর :** ক্রেডিট ভাউচারে টাকার পরিমাণ ২০,০০০ টাকা।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ৪** রবিউল ২০১৯ সালের ১ জুন তারিখে নগদ ৭০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ:

জুন　২　ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
”　৩　তাজের নিকট নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
”　১০　আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।
”　১৫　পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান ১০,০০০ টাকা।
”　২০　বেতন প্রদান ৫,০০০ টাকা।

ক. উক্ত মাসের শেষে নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪
গ. বিবরণী ছকের মাধ্যমে লেনদেনগুলো হিসাব সমীকরণে কিরূপ প্রভাব বিস্তার করে তা দেখাও। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মাস শেষে নগদ তহবিল ৯৫,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ১,২৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶৫** মেঘনা ও যমুনা কোম্পানির ২০১৯ সালের প্রারম্ভিক ও সমাপনী আর্থিক অবস্থা নিচে উপস্থাপন করা হলো :

| | মেঘনা কোম্পানি | যমুনা কোম্পানি |
|---|---|---|
| **জানুয়ারি ১, ২০১৯:** | | |
| সম্পদ | ? | ১,১০,০০০ |
| দায় | ৫০,০০০ | ? |
| মালিকানা স্বত্ব | ৩৪,০০০ | ৬০,০০০ |
| **ডিসেম্বর ৩১, ২০১৯:** | | |
| সম্পদ | ১,১৩,০০০ | ১,৪৭,০০০ |
| দায় | ৫৫,০০০ | ৬৫,০০০ |
| মালিকানা স্বত্ব | ৫৮,০০০ | ? |

ক. মেঘনা কোম্পানির প্রারম্ভিক সম্পদ নির্ণয় করো। ২

খ. ১ জানুয়ারি ২০১৯ তারিখে যমুনা কোম্পানির প্রারম্ভিক দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. যমুনা কোম্পানির সমাপনী মালিকানা স্বত্বের পরিমাণ নিরূপণ করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মেঘনা কোম্পানির প্রারম্ভিক সম্পদ ৮৪,০০০ টাকা। **খ.** যমুনা কোম্পানির প্রারম্ভিক দায় ৫০,০০০ টাকা। **গ.** যমুনা কোম্পানির সমাপনী মালিকানা স্বত্ব ৮২,০০০ টাকা।

**প্রশ্ন ▶৬** জনাব সানোয়ার একজন ব্যবসায়ী। ২০১৯ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো ঘটেছে :

| ২০১৯ | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ ১০,০০০ টাকা ও ২,০০০ টাকা মূল্যের আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করলেন। |
| ” | ২ | মাসিক ২,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ করলেন। |
| ” | ৫ | নগদে পণ্য ক্রয় করা হলো ২,০০০ টাকা। |
| ” | ১০ | নগদে পণ্য বিক্রয় করা হলো ৪,০০০ টাকা। |
| ” | ২০ | নগদে যন্ত্রপাতি ক্রয় ৩,০০০ টাকা। |
| ” | ৩০ | ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করা হলো। |
| ” | ৩১ | বাকিতে পণ্য বিক্রয় ৫০০ টাকা। |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরিউক্ত ঘটনাগুলোর মধ্যে কোনগুলো লেনদেন নয় তা শনাক্ত করো এবং পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো হিসাব সমীকরণে কীভাবে প্রভাব বিস্তার করে তা দেখাও। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১২,০০০ টাকা। **খ.** লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ ৭,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ১৪,৫০০ টাকা।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. লেনদেন সর্বদা কিসের পরিবর্তন আনে?
ক মোট দায়ের খ আর্থিক অবস্থার
গ মোট মুনাফার ঘ মোট সম্পত্তির

২. কোনটির মাধ্যমে মোট সম্পদের পরিমাণ, মালিকানা স্বত্ব ও বহির্দায়ের সমতা প্রমাণ করা হয়?
ক দ্বৈত সত্তা খ ডেবিট-ক্রেডিট
গ হিসাব চক্র ঘ হিসাব সমীকরণ

৩. মালিকের বিনিয়োগ, আয়, উত্তোলন ও খরচ। এ চারটি কিসের উপাদান?
ক আয়ের উপাদান
খ ব্যয়ের উপাদান
গ সম্পদের উপাদান
ঘ মালিকানা স্বত্বের উপাদান

৪. জনাব রাসেল ২০,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করলেন। উক্ত লেনদেন দ্বারা হিসাব সমীকরণে প্রভাব পড়বে—
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান বৃদ্ধি পাবে
iii. E উপাদান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
সালমান সাহেবের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো হলো: ১. নগদে মাল ক্রয় ১৫,০০০ টাকা, ২. আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা, এবং ৩. আসবাবপত্রের অবচয় ধার্য ২০০ টাকা।

৫. প্রথম ঘটনাটিতে হিসাব সমীকরণের কোন কোন উপাদানের পরিবর্তন ঘটেছে?
ক A ও L খ A ও A
গ A ও E ঘ E ও E

৬. তৃতীয় ঘটনাটি লেনদেন। কারণ এর ফলে হিসাব সমীকরণের—
i. A উপাদানের পরিবর্তন ঘটেছে
ii. E উপাদানের পরিবর্তন ঘটেছে
iii. L উপাদানের পরিবর্তন ঘটেছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. কোনটি ব্যবসায়িক লেনদেন?
ক অর্ডার অনুযায়ী ৫,০০০ টাকার পণ্য সরবরাহ করা হলো
খ ২০,০০০ টাকা ব্যয়ে ব্যবসায়ের নতুন শাখা খোলা হবে
গ ৩,৫০০ টাকা বেতনে কর্মচারী নিয়োগ দেওয়া হলো
ঘ মালিকের ব্যক্তিগত জমি বিক্রয় ২,০০,০০০ টাকা

৮. হিসাব সমীকরণে E উপাদানটি কখন হ্রাস পায়?
ক সম্পদ বৃদ্ধি পেলে খ ব্যয় বা ক্ষতি হলে
গ দায় হ্রাস পেলে ঘ আয় বৃদ্ধি পেলে

৯. বেতন প্রদানের প্রামাণ্য দলিল কোনটি?
ক ক্রেডিট ভাউচার খ ডেবিট ভাউচার
গ প্রদেয় বিল ঘ বেতন প্রদান রসিদ

১০. ক্রেডিট নোট বলতে কী বোঝায়?
ক লেনদেনের ক্রেডিট হিসাব
খ প্রাপ্ত বাট্টার হিসাব
গ বিক্রয় ফেরত সংক্রান্ত চিঠি
ঘ আয় সংক্রান্ত হিসাব

১১. মি. আতিক ইসলাম প্রতিটি ৪০০ টাকা মূল্যের ৫০০টি শার্ট ক্রয় করলেন। ক্রয়কৃত মাল ফেরত পাঠানোর জন্য তিনি কোন দলিল ব্যবহার করবেন?
ক ভাউচার খ ক্যাশমেমো
গ ডেবিট নোট ঘ ডেবিট ভাউচার

১২. একটি লেনদেনের দ্বারা—
i. মোট সম্পদ হ্রাস পেলে মালিকানা স্বত্ব হ্রাস পাবে
ii. মোট সম্পদ বৃদ্ধি পেলে মোট দায় হ্রাস পাবে
iii. একটি সম্পদ বৃদ্ধি পেলে অপর একটি সম্পদ হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. দ্রব্যসামগ্রী ও সেবাকর্ম বিনিময়ের ফলে কী সৃষ্টি হয়?
ক সম্পদ খ অনার্থিক ঘটনা
গ দায় ঘ ব্যবসায়িক লেনদেন

১৪. লেনদেনের প্রয়োজনীয় দলিল প্রস্তুতের দায়িত্ব কার?
ক ব্যবস্থাপকের খ হিসাবরক্ষকের
গ ফোরম্যানের ঘ উৎপাদকের

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।
মি. সুমন ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন। তিনি ২০,০০০ টাকা দিয়ে অফিসের জন্য একটি কম্পিউটার ক্রয় করলেন।

১৫. মি. সুমন হিসাবের বইতে কত টাকা লিপিবদ্ধ করবেন?
ক ১,০০,০০০ টাকা খ ২০,০০০ টাকা
গ ১,২০,০০০ টাকা ঘ ৮০,০০০ টাকা

১৬. ২০,০০০ টাকা লেনদেনটির ফলে—
ক A ও L উপাদান প্রভাবিত হবে
খ A ও E উপাদান প্রভাবিত হবে
গ L ও E উপাদান প্রভাবিত হবে
ঘ শুধু A উপাদান প্রভাবিত হবে

১৭. জনাব রহমান ৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। এ লেনদেনের ফলে হিসাব সমীকরণের কোন কোন উপাদানের পরিবর্তন ঘটবে?
ক কেবল A উপাদানের
খ A এবং E উপাদানের
গ কেবল E উপাদনের
ঘ A এবং L উপাদানের

১৮. একটি ক্যাশমেমোতে কয়টি ঘর থাকে?
ক চারটি খ পাঁচটি
গ ছয়টি ঘ সাতটি

১৯. প্রতিটি লেনদেনের ফলে সৃষ্টি হয়—
i. দুটি একমুখী ফলাফল
ii. দুটি বিপরীতমুখী ও সমান ফলাফল
iii. দ্বৈত সত্তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. মালিক নিজের প্রয়োজনে উত্তোলন করলে হিসাব সমীকরণে-এর কী প্রভাব পড়বে?
ক সম্পদ বৃদ্ধি, মালিকানা স্বত্ব বৃদ্ধি
খ সম্পদ বৃদ্ধি, ব্যয় বৃদ্ধি
গ সম্পদ হ্রাস, দায় হ্রাস
ঘ সম্পদ হ্রাস, মালিকানা স্বত্ব হ্রাস

২১. A = L + E এখানে L দ্বারা কী বোঝায়?
ক মোট সম্পদ খ মোট দায়
গ মোট আয় ঘ মোট স্বত্বাধিকারী

২২. মি. মাহবুব ৫০,০০০ টাকার পণ্য সিয়ামের কাছে বিক্রয় করেন। মাহবুব উক্ত লেনদেনটি কোথায় অন্তর্ভুক্ত করবেন?
ক চালানে খ ভাউচারে
গ ক্যাশবুকে ঘ ডেবিট নোটে

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব বেলাল একজন ব্যবসায়ী। তিনি ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। অতঃপর তিনি নগদ ১৫,০০০ টাকার পণ্য ক্রয় করেন এবং বিক্রয় করেন ২০,০০০ টাকা। কিন্তু হঠাৎ করে ২,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়।

২৩. উদ্দীপকে ব্যবসায় শুরু করার ঘটনাটিকে লেনদেন বলার কারণ কী?
ক সমীকরণের A এবং E উপাদানের পরিবর্তন হয়েছে বলে
খ সমীকরণের A উপাদানের পরিবর্তন হয়েছে বলে
গ শুধু E উপাদানের পরিবর্তন হয়েছে বলে
ঘ ব্যবসায়ের জন্যে দৃশ্যমান ঘটনা বলে

২৪. ২০,০০০ টাকার পণ্য বিক্রয় দ্বারা জনাব বেলালের ব্যবসায়ে কী পরিবর্তন আসে?
ক নগদ টাকা বৃদ্ধি পায় এবং আয় বৃদ্ধি পায়
খ নগদ টাকা বৃদ্ধি পায় এবং ব্যয় বৃদ্ধি পায়
গ আয় বৃদ্ধি পায় যা প্রতিষ্ঠানের সম্পদ পরিবর্তন করে
ঘ নগদে বিক্রয়ের কারণে ২০,০০০ টাকার দেনাদার সৃষ্টি হয়

২৫. মালের মোট মূল্যের ওপর ক্রেতাকে যে টাকা মওকুফ করা হয় তাকে কী বলে?
ক কারবারি বাট্টা খ নগদ বাট্টা
গ প্রাপ্ত বাট্টা ঘ প্রদত্ত বাট্টা

২৬. কমিশন প্রাপ্তি কোথায় লিপিবদ্ধ হবে?
ক ডেবিট নোটে খ ডেবিট ভাউচারে
গ ক্রেডিট নোটে ঘ ক্রেডিট ভাউচারে

২৭. কোন ঘটনাটি লেনদেন?
ক গুদাম থেকে ১৫,০০০ টাকার পণ্য শোরুমে আনা হলো
খ ১৫,০০০ টাকার একটি বিজ্ঞাপন চুক্তি করা হলো
গ পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল
ঘ যন্ত্রপাতি ক্রয় করা হলো ৫,০০০ টাকা

২৮. ক্রেডিট ভাউচারের সাথে সংযুক্ত থাকে কোনটি?
ক প্রাপ্য বিলের কপি খ ডেবিট নোটের কপি
গ ক্রেডিট নোটের কপি ঘ চালানের কপি

২৯. লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হলো—
i. আর্থিক অবস্থার পরিবর্তন করে
ii. প্রতিটি লেনদেনে একাধিক পক্ষ জড়িত
iii. দৃশ্যমান-অদৃশ্যমান উভয়ই হতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. জনাব মাহাবুল ২,০০০টি পণ্য প্রতিটি ৩০ টাকা দরে বিক্রয় করলেন। তিনি ১০% কারবারি বাট্টা দিলেন। এক্ষেত্রে চালান বইয়ে নিট কত টাকা লিপিবদ্ধ হবে?
ক ৫৪,০০০ টাকা খ ৬০,০০০ টাকা
গ ৬০,২০০ টাকা ঘ ৬৬,০০০ টাকা

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** মি. আশরাফ ১ জানুয়ারি ২০১৯ তারিখে নগদ ২,৪০,০০০ টাকা, ১,৪০,০০০ টাকা মূল্যের অফিস সরঞ্জাম, ৬০,০০০ টাকার আসবাবপত্র এবং ১,৬০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করে। জানুয়ারি মাসে ব্যবসায়ে নিচের লেনদেনগুলো সংঘটিত হয়েছে।

| | | | |
|---|---|---|---|
| জানু.- | ০৫ | বাকিতে পণ্য ক্রয় | ১,২০,০০০ টাকা |
| " | ০৮ | বাকিতে পণ্য বিক্রয় | ১,৮০,০০০ টাকা |
| " | ১১ | ৫ তারিখে বাকিতে ক্রয়ের ৫০% নগদে পরিশোধ করা হলো | - |
| " | ১৫ | ব্যবসায়ে ব্যবহারের জন্য নগদে আসবাবপত্র ক্রয় | ৪০,০০০ টাকা |
| " | ১৮ | ৮ তারিখে বাকিতে পণ্য বিক্রয় হতে প্রাপ্তি | ১,০০,০০০ টাকা |
| " | ২৩ | নগদে কমিশন পাওয়া গেল | ২০,০০০ টাকা |
| " | ৩১ | পুরাতন আসবাবপত্র বিক্রয় | ২০,০০০ টাকা |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. হিসাব সমীকরণের ওপর লেনদেনসমূহের প্রভাব দেখাও। ৪

**২.▶** মি. খালেদ মাসুদ পাইলট একজন ব্যবসায়ী। ২০১৯ সালে জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিচের লেনদেনগুলো সংঘটিত হয়:

জানু ১ ১০,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ দেওয়া হলো।
" ৫ বাকিতে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ১৫ দেনাদারের কাছ থেকে প্রাপ্তি ২০,০০০ টাকা।
" ২০ আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।
" ২৫ ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।
" ৩০ ব্যাংক হতে ঋণ গ্রহণ ৫,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. মি. খালেদ মাসুদ পাইলটের ৫, ১০, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে ব্যাখ্যা করো। ৪
গ. উপরোক্ত লেনদেনগুলো দ্বারা হিসাব-সমীকরণের উপাদানগুলোর উপর প্রভাব দেখাও। ৪

**৩.▶** জনাব জাকারিয়ার ব্যবসায়ে ২০১৯ সালের জুলাই মাসের লেনদেন নিচে দেওয়া হলো:

২০১৯
জুলাই ১ মূলধন বিনিয়োগ ৫,০০,০০০ যার মধ্যে ব্যাংকে রয়েছে ২,০০,০০০ টাকা।
" ৩ ধারে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৬ আসবাবপত্র ক্রয় ৪০,০০০ টাকা, যার ৫০% ধারে।
" ১০ ব্যাংক হতে ঋণ গ্রহণ ৭০,০০০ টাকা।
" ১৫ পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা।

ক. জনাব জাকারিয়ার স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. লেনদেনগুলো হিসাব সমীকরণের কী পরিবর্তন এনেছে, তা দেখাও। ৪
গ. উপযুক্ত লেনদেনগুলোর হিসাব সমীকরণের প্রভাব বিবরণী ছকে দেখাও। ৪

**৪.▶** জনাব মিথিলা এর ব্যবসায়ের ২০১৯ সালের এপ্রিল মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

এপ্রিল-১ নগদ ৮০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
এপ্রিল-৪ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
এপ্রিল-৭ পণ্য বিক্রয় ৮,০০০ টাকা।
এপ্রিল-১২ উত্তোলন ১,০০০ টাকা।
এপ্রিল-২০ ঋণ পরিশোধ ২০,০০০ টাকা।
এপ্রিল-২৮ বিনিয়োগের সুদ প্রাপ্তি ২,০০০ টাকা।

ক. মাস শেষে মিসেস মিথিলার ব্যবসায়ের নগদ উদ্বৃত্ত বা ঘাটতির পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১ ও ৪ তারিখের লেনদেনগুলো দেখাও যে হিসাব সমীকরণের উভয় দিকের মান সমান। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের উপাদানগুলোর উপর প্রভাব দেখাও। ৪

**৫.▶** মি. ফারুক একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। তিনি জানুয়ারি ১, ২০১৯ তারিখে এম এফ নামে একটি সিএ ফার্ম খোলার মাধ্যমে সেবাধর্মী ব্যবসায় চালু করেন। জানুয়ারি মাসে তার লেনদেনগুলো নিচে দেওয়া হলো:

জানু. ১ মি. ফারুক ৫,০০,০০০ টাকা মূলধন বাবদ আনয়ন করে।
" ৯ অবন্তী ফিসারিজ লি. এর হিসাব নিরীক্ষার আবেদন গ্রহণ ১৫,০০০ টাকা।
" ১১ মেয়ের ব্যবহৃত কম্পিউটার অফিসের কাজে নিয়োজিত করেন যার মূল্য ৩৫,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা।
" ১৫ ঢাকার নীলক্ষেতের সাগর বইঘর থেকে আয়কর ও অডিট এর ওপর দুটি বই ক্রয় করেন। যার প্রতিটির মূল্য ১,৫০০ টাকা।
" ২০ অবন্তী ফিসারিজ লি.-এর নিরীক্ষা সমাপ্ত হলো।
" ২৮ একমি লি. এর আর্থিক বিবরণী নিরীক্ষা করে ১২,০০০ টাকা পাওয়া গেল।

ক. মি. ফারুকের মূলধনের পরিমাণ কত? ২
খ. ৯ ও ২০ তারিখের ঘটনা থেকে কোনটি লেনদেন ও কোনটি লেনদেন নয় তা কারণসহ ব্যাখ্যা করো। ৪
গ. জানুয়ারি ১৫ তারিখের লেনদেনের জন্যে একটি উপযুক্ত ভাউচার তৈরি করো। ৪

**৬.▶** মি. আশীষ কুমার চক্রবর্তী একজন ব্যবসায়ী। ২০১৯ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিচের ঘটনাগুলো সংঘটিত হয়েছে—

ডিসেম্বর ০১ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ০৩ জনতা ব্যাংকে ৫,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো।
" ০৫ ধারে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ০৭ নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।
" ১০ ব্যাংক থেকে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ ১০,০০০ টাকা।
" ১৫ ৩,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. ঘটনাসমূহ থেকে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪
গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

**৭.▶** আল ফাতাহ্ ট্রেডার্স-এর মালিক মি. আজাদ একজন প্রতিষ্ঠিত রড সিমেন্টের ব্যবসায়ী। ২০১৯ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিচের ঘটনাগুলো সংঘটিত হয় :

ডিসেম্বর ১ ক্রিসেন্ট সিমেন্ট এন্ড কোং-এর কাছ থেকে নগদে ক্রয় ১,৫০,০০০ টাকা।
" ৭ রড বিক্রয় ২,০০,০০০ টাকা।
" ১০ সেভেন রিংস সিমেন্ট লি.-এর কাছ থেকে ৩০,০০০ টাকার রড বিক্রয়ের ফরমায়েশ গ্রহণ।
" ১৩ টাইগার সিমেন্ট লি.-এর কাছে বালু বিক্রয় ৫০,০০০ টাকা।
" ১৭ সংরক্ষণের ত্রুটির দরুন ১,০০,০০০ টাকার সিমেন্ট ৩০% বাট্টায় চেকে বিক্রয়।
" ২৫ আনোয়ারকে মাসিক ৫,০০০ টাকা বেতনে কর্মচারী হিসেবে নিয়োগ দেওয়া হলো।
" ২৯ দোকান ভাড়া প্রদান ১০,০০০ টাকা।

ক. ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন করে না এমন ঘটনাসমূহ চিহ্নিত করো। ২
খ. ডিসেম্বর ১ হতে ১৭ তারিখের ঘটনা থেকে লেনদেন চিহ্নিত করে কারণ ব্যাখ্যা করো। ৪
গ. হিসাব সমীকরণে লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

**৮.▶** ২০১৯ সালের এপ্রিল মাসে জনাব মাহিরের ব্যবসায়ের ঘটনাগুলো নিচে দেওয়া হলো:

এপ্রিল ১ নগদ ৫০,০০০ টাকা মূলধন আনা হলো।
" ৭ একটি কম্পিউটার ক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ চেকের মাধ্যমে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।

” ২৩ আকরামের কাছ থেকে ১২,০০০ টাকার পণ্য ক্রয়।
” ২৯ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

ক. জনাব মাহিরের মোট ক্রয় কত? ২
খ. জনাব মাহিরের স্বত্বাধিকারের পরিমাণ কত? ৪
গ. ১-২৩ পর্যন্ত লেনদেনগুলো সমীকরণের ভিত্তিতে কারণসহ ব্যাখ্যা করো। ৪

**৯.** ▶ ২০১৯ সালের মে মাসে জনাব হাসানের ব্যবসায় প্রতিষ্ঠানে নিচের ঘটনাগুলো ঘটে।

মে ১ নগদ ৩০,০০০ টাকা, ব্যাংকে জমা ১০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন।
” ৭ জনাব হাসানের ব্যক্তিগত মোটরগাড়ি চুরি হলো ৮০,০০০ টাকা।
” ১৩ আসবাবপত্র ক্রয় ৮,০০০ টাকা।
” ১৭ বেতন প্রদান ১৫,০০০ টাকা।
” ২১ মাসিক ৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ।
” ২৪ কলির কাছে বিক্রয় ১,২০০ টাকা।
” ২৮ ধারে ক্রয় ১০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের মধ্যে যেগুলো লেনদেন নয় তার পরিমাণ কত? ২
খ. লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ লেখ। ৪
গ. লেনদেন দ্বারা প্রমাণ করো A = L + E। ৪

**১০.** ▶ মি. দিপ্ত-এর ব্যবসায়ের ২০১৯ সালের জুন মাসের কয়েকটি ঘটনা নিচে দেওয়া হলো:

জুন ১ ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
” ৫ ব্যক্তিগত তহবিল থেকে বাজার খরচ ৪,০০০ টাকা।
” ৭ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
” ১২ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
” ১৮ প্রচারের জন্য সাইনবোর্ড লাগাতে খরচ ১,০০০ টাকা।
” ২০ জনতা ব্যাংকে ৫,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলা হলো।
” ২৫ ৭,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ করা হলো।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করা। ২
খ. ঘটনাসমূহ থেকে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪
গ. ঘটনাগুলোকে বিবরণী ছকে হিসাবে সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

**১১.** ▶ জনাব মিজানুর রহমান ২০১৯ সালের জুন মাসের ২ তারিখে ঢাকায় **'Business Consultancy'** নামক পরামর্শ কেন্দ্র চালু করেন। জুন মাসের অন্যান্য ঘটনা নিচে দেওয়া হলো:

জুন ২ ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
” ৩ ৫০,০০০ টাকা দিয়ে একটি কম্পিউটার ক্রয় করা হলো।
” ৫ অগ্রিম ৫,০০০ টাকা বেতন প্রদান করে একজন কর্মচারী নিয়োগ দেওয়া হলো।
” ৭ সেবা টেলিকমকে পরামর্শ প্রদান করে ১,০০,০০০ টাকা পাওয়া গেল।
” ১০ ধারে পরিতোষ স্টেশনারির কাছ থেকে কাগজ, কলম ও স্ট্যাম্প ক্রয় করা হলো ১,০০০ টাকা।
” ১১ ভাইরাসজনিত কারণে কম্পিউটারটি অকেজো হয়ে পড়ে আছে, সার্ভিসিং করতে ব্যয় হবে ৫,০০০ টাকা।

ক. হিসাব সমীকরণে একই সাথে E এবং L উপাদানের পরিবর্তন করে এমন লেনদেনগুলোর মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৩, ৫, ৭ এবং ১১ তারিখের ঘটনাগুলো থেকে সমীকরণ পদ্ধতিতে কারণসহ লেনদেন চিহ্নিত করো। ৪
গ. ১০ তারিখের ঘটনা দ্বারা কাল্পনিক ঠিকানা ব্যবহার করে একটি ডেবিট ভাউচার প্রস্তুত করো। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓚ খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন

**১.** **ক.** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৪,৪০,০০০ টাকা। **খ.** মোট আয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ৭,৪০,০০০ টাকা।
**২.** **ক.** লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট পরিমাণ ১৫,০০০ টাকা।
**৩.** **ক.** স্বত্বাধিকারের পরিমাণ ৪,৭০,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ৫,৭০,০০০ টাকা।
**৪.** **ক.** মাস শেষে নগদ উদ্বৃত্ত ১,১৯,০০০ টাকা।
**৫.** **ক.** মূলধনের পরিমাণ ৫,৩৭,০০০ টাকা।
**৬.** **ক.** ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহের পরিমাণ ১৩,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ৩৫,০০০ টাকা।
**৭.** **গ.** হিসাব সমীকরণের যোগফল ১,৬০,০০০ টাকা।
**৮.** **ক.** জনাব মাহিরের মোট ক্রয় ১৭,০০০ টাকা। **খ.** জনাব মাহিরের স্বত্বাধিকারের পরিমাণ ৫৩,০০০ টাকা।
**৯.** **ক.** লেনদেন নয় তার পরিমাণ ৮৮,০০০ টাকা।
**১০.** **ক.** লেনদেন নয় ১১,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ৬৪,০০০ টাকা।
**১১.** **ক.** মোট পরিমাণ ১,০০০ টাকা। **গ.** ডেবিট ভাউচারে টাকার পরিমাণ ১,০০০ টাকা।